



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭



স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১৬(২)/২০১৯-৯১০

তারিখ: ০৪-০৭-২০২১ খ্রিঃ

জরুরী নোটিশ
(কোভিড-১৯ এর ভ্যাকসিন সংক্রান্ত)

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনা মতে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এর ওয়েবসাইটে গত ০৭-০৩-২০২১ তারিখে শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১৬(২)/২০১৯/৭৭২ সংখ্যক স্মারকমূলে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের আবাসিক ছাত্র-ছাত্রীদের জাতীয় পরিচয়পত্রের কপি ও প্রয়োজনীয় তথ্যাদি রেজিস্ট্রার কার্যালয়ের ই-মেইল-এ প্রেরণ করার জন্য বিজ্ঞপ্তি দেয়া হয়। সে প্রেক্ষিতে যে সকল ছাত্র-ছাত্রী সঠিক জাতীয় পরিচয়পত্রের কপি ও প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ করেছিল তাদের তালিকা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে প্রেরণ করা হয়।

উপর্যুক্ত বিজ্ঞপ্তির আলোকে যে সকল ছাত্র-ছাত্রী সঠিক জাতীয় পরিচয়পত্রের কপি ও প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ করেছিল কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণের নিমিত্তে তারা 'সুরক্ষা অ্যাপ'-এ নিবন্ধন কার্যক্রম সম্পাদন করতে পারবে বলে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ০১-০৭-২০২১ তারিখের ৩৭.০১.০০০০.১০.১৫১.৪১.০২২.২০.৮৩ সংখ্যক পত্রের মাধ্যমে জানানো হয়েছে।

বর্ণিত অবস্থায়, সঠিক জাতীয় পরিচয়পত্রের কপি ও প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণকারী ছাত্র-ছাত্রীদেরকে 'সুরক্ষা অ্যাপ'-এ নিবন্ধন কার্যক্রম সম্পাদন করার জন্য বলা হলো। নিবন্ধন করতে গিয়ে কোন সমস্যা হলে উদ্বিগ্ন না হয়ে পরবর্তীতে পুনরায় চেষ্টা করার জন্যও বলা হলো।

উল্লেখ্য, উক্ত বিজ্ঞপ্তি মোতাবেক যে সকল ছাত্র-ছাত্রী সঠিক জাতীয় পরিচয়পত্রের কপি ও প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ করতে পারেনি তারাসহ যাদের জাতীয় পরিচয়পত্র এখনো হয়নি তাদের বিষয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে এখনও কোন নির্দেশনা পাওয়া যায়নি। তবে শর্ত সাপেক্ষে (বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনা সাপেক্ষে) এখন তাদেরকে অবিলম্বে প্রয়োজনীয় তথ্যাদি (নাম, জাতীয় পরিচয়পত্রের কপি-নম্বরসহ, রেজিস্ট্রেশন নম্বর, অনুষদের নাম, লেভেল/সেমিস্ট্রার, হলের নাম ও মোবাইল নম্বর) ই-মেইল (registrar.sau01@gmail.com) এ প্রেরণ করার জন্য বলা হলো।

মাননীয় ভাইস-চ্যান্সেলরের আদেশক্রমে,

(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে):

১. পরিচালক, আইসিসি, শেকৃবি, ঢাকা (বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
২. প্রভোস্ট, সকল হল, শেকৃবি।
৩. প্রক্টর, শেকৃবি।
৪. পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা), শেকৃবি।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি/পরিষদ), রেজিস্ট্রার কার্যালয়, শেকৃবি।
৬. অতিরিক্ত রেজিস্ট্রার/ভিসি মহোদয়ের একান্ত সচিব, শেকৃবি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও সংস্থাপন/শিক্ষা ও বৃত্তি), রেজিস্ট্রার কার্যালয়, শেকৃবি।
৮. জনসংযোগ কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), শেকৃবি।
৯. পিএ টু ট্রেজারার/রেজিস্ট্রার, শেকৃবি (ট্রেজারার মহোদয়/রেজিস্ট্রার এর সদয় অবগতির জন্য)।
১০. নোটিস বোর্ড (সকল), শেকৃবি।
১১. অফিস নথি/মহানথি।